

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২২৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুক্তাদীর জন্য আবশ্যক হলো ইমামের অনুসরণ করা, যদিও তিনি সালাতে কোন হক আদায়ে ত্রুটি করে فَرِكُنُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الْاقْتِدَاءِ بِصَلَاةِ إِمَامِهِ وَإِنْ كَانَ مُقَصِّرًا فِي بعض حقائقها

আরবী

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2225 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২২২৫. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "অচিরেই কিছু সম্প্রদায়ের আবির্ভাব হবে, তারা সালাত আদায় করবে, যদি তারা সালাত পরিপূর্ণভাবে আদায় করে, তাহলে তার সাওয়াব তোমাদের হবে, তাদেরও হবে। আর যদি তারা কোন কিছু কমতি করে, তাহলে এর ভার তাদের উপর বর্তাবে আর তোমরা সাওয়াব পেয়ে যাবে।"[1]

আবূ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "আবূ আইয়ূব আল ইফরিকীর নাম আব্দুল্লাহ বিন আলী, তিনি কুফার একজন নির্ভরযোগ্য।"

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ২/৩৫৫; সহীহ আল বুখারী: ৬৯৩; সুনান বাইহাকী: ৩/১২৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮৩৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২২২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন